# 2795 - সম্পদের নিসাব কতটুকু

প্রশ্ন

কাগুজে মুদ্রার যাকাতের নিসাব কতটুকু? কাগুজে মুদ্রার নিসাব কি স্বর্ণের নিসাবের ভিত্তিতে নির্ধারণ করা হবে; নাকি রৌপ্যের নিসাবের ভিত্তিতে নির্ধারণ করা হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ডলার বা এ জাতীয় অন্য কাগুজে মুদ্রার নিসাবের পরিমাণ ২০ মিছক্বাল স্বর্ণের মূল্য কিংবা ১৪০ মিছকাল রৌপ্যের মূল্যের সমান; ঠিক যেই সময়ে আপনার উপরে ডলার বা এ জাতীয় অন্য মুদ্রার যাকাত ফরয হয়েছে সেই সময়ের দাম অনুযায়ী। এ দুটো নিসাবের মধ্যে যেটি গরীবদেরদের অধিকারের অধিক অনুকূলে সেটিকে ভিত্তি ধরা হবে; যেহেতু সময় ও দেশভেদে স্বর্ণ বা রৌপ্যের মূল্য ভিন্ন ভিন্ন হতে পারে।[ফাতাওয়াল লাজনাদ দায়মি (৯/২৫৭)] এবং যেহেতু সেটি গরীবদের জন্য অধিক উপকারী।[ফাতাওয়াল লাজনাদ দায়মি (৯/২৫৪)]

(বর্তমানে যেহেতু রৌপ্যের নিসাবের মূল্য স্বর্ণের নিসাবের মূল্যের চেয়ে কম তাই রৌপ্যের নিসাবের ভিত্তিতে কাগুজে মুদ্রার নিসাব নির্ধারণ করা হবে। তাই কোন ব্যক্তির মালিকানাধীন মুদ্রা যদি রৌপ্যের নিসাবের মূল্যে পৌঁছে তাহলে তিনি যাকাত পরিশোধ করবেন। রৌপ্যের নিসাব প্রায় ৫৯৫ গ্রাম। তাই এ পরিমাণ সম্পদের মালিক চল্লিশ ভাগের একভাগ যাকাত আদায় করবেন। তথা তার কাছে যত মুদ্রা আছে সেটার বর্ষপূর্তি হলে প্রত্যেকে এক হাজারে ২৫ হারে যাকাত আদায় করবেন।)

আল্লাহই সর্বজ্ঞ।